

# অ্যাডমিশন ফর্ম ফিলাপ এর নির্দেশিকা

## আবেদনপত্র পূরণের নির্দেশিকা :

- এই আবেদনপত্র পঞ্চম থেকে নবম শ্রেণি পর্যন্ত যেকোনো শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক সংখ্যালঘু মুসলমান ছাত্রীদের জন্য।
- আবেদনপত্রের মূল্য ১৫০ টাকা।
- আবেদনপত্র পূরণের সময় খেয়াল রাখবেন - প.ব. সরকারের স্কুল শিক্ষা ও প্রাথমিক শিক্ষা দপ্তর নির্দেশিত বয়স অনুযায়ী শ্রেণি নির্ধারিত হবে।

## ১ জানুয়ারি ২০২৫ অনুসারে বয়স ও তার নির্ধারিত শ্রেণি নিম্নরূপ :

- \* পঞ্চম শ্রেণির জন্য ১০ বছরের বেশি এবং ১১ বছরের কম। \* ষষ্ঠ শ্রেণির জন্য ১১ বছরের বেশি এবং ১২ বছরের কম।
- \* সপ্তম শ্রেণির জন্য ১২ বছরের বেশি এবং ১৩ বছরের কম। \* অষ্টম শ্রেণির জন্য ১৩ বছরের বেশি এবং ১৪ বছরের কম।
- \* নবম শ্রেণির জন্য ১৪ বছরের বেশি এবং ১৫ বছরের কম।

## আবেদনপত্রের সাথে যা যা জমা দিতে হবে :

- সাম্প্রতিক কালে তোলা দুটি পাসপোর্ট সাইজ কালার ফটোগ্রাফ (একই রকম) দিতে হবে।
- ছাত্রীর আধার কার্ড ও জন্মগত শংসাপত্রের জেরক্স কপি।
- এতিম ছাত্রীদের ক্ষেত্রে পিতা/মাতার মৃত সার্টিফিকেট - এর জেরক্স কপি।

## অ্যাডমিট কার্ড সংগ্রহ :

- অ্যাডমিট কার্ড পাওয়া যাবে ২৫/০৯/২০২৪ (বুধবার) থেকে।
- আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বরে হোয়াটসঅ্যাপ মারফত মিশন অফিস থেকে অ্যাডমিট কার্ড পাঠানো হবে।

## পরীক্ষা পদ্ধতি :

- পরীক্ষা হবে একটি পর্বের মাধ্যমে।
- পঞ্চম থেকে নবম শ্রেণির পরীক্ষা হবে নির্দিষ্ট সিলেবাসের ভিত্তিতে।

## পরীক্ষা সূচী :

- পরীক্ষার সময় ১২.০০ টা থেকে ২.৩০ টা পর্যন্ত, তারিখ - ০২/১০/২০২৪ (বুধবার)।
- সকল বিষয় একত্রে পূর্ণমান ১০০।

## ফলপ্রকাশ :

- প্রবেশিকা পরীক্ষার ফলাফল জানতে পারবেন মিশনের ওয়েবসাইট [www.alarafmission.org](http://www.alarafmission.org) থেকে, এছাড়াও ফোন মাধ্যমে জানানো হবে। তারিখ - ০৮/১০/২০২৪ (মঙ্গলবার)।
- পরীক্ষায় উত্তীর্ণদের কাউন্সিলিং ( ইন্টারভিউ ) - এর তারিখ ফোন মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।



## মিশন বার্তা

জাতির প্রগতি

ছাত্র-ছাত্রীর পরিচয় শুধু একটি রোল নাম্বার নয়, নিশ্চয়ই তারা প্রত্যেকেই এক একজন অনন্য শিশু ব্যক্তিত্ব। আর এই প্রতিটি শিশুই অনন্য মস্তিষ্কের নেটওয়ার্ক হিসাবে মহান আল্লাহুতায়াল্লা দ্বারা প্রেরিত। একটি নির্দিষ্ট শিক্ষা পদ্ধতি প্রতিটি শিশুর জন্য কখনই সমানভাবে কাজ করতে পারে না, বরং যে যেমনভাবে শিখতে চায় আমাদের তেমনভাবেই শেখাতে হবে। নিশ্চয়ই প্রতিটি শিশুই প্রতিভাবান। আমাদের কাজ হল সেই প্রতিভাকে খুঁজে বের করা ও তার ভিতরে থাকা আগামীর মহীরুহ প্রদীপ শিখাকে জ্বালানো। তবে এই প্রদীপ জ্বালানোর কাজটা অত্যন্ত শক্ত হলেও পথটা কিছুটা চেনা থাকার কারণে এগিয়ে যাওয়াটা আমাদের পক্ষে অনেকটা সহজ হয়েছে, আলহামদুলিল্লাহ। আপনাদের সকলের দোয়া ও আমাদের মিশন পরিবারের সকলের কঠোর পরিশ্রম - অধ্যাবসায়ের মধ্য দিয়ে আমরা আরও অনেক দূর যেতে পারবো ইনশাআল্লাহ।

কুরআন শরীফের সাত নম্বর সূরার সাথে নাম মিলিয়ে রাখা হয়েছে আমাদের এই মিশনের নাম, যা একটি উচ্চ নিয়ত প্রসূত। বর্তমান পৃথিবীর এই অত্যাধুনিক আলোর রোশনাই থেকে অনেক দূরে ছড়িয়ে ছিটিয়ে থাকা বেশ কিছু সম্ভাব্য রত্নকে খুঁজে নিয়ে প্রতিনিয়ত ঘষামাজার মধ্য দিয়ে অমূল্য রত্নে পরিণত করার লক্ষে ব্রত নিয়েছে “ আল - আরাফ মিশন ”।।